জীবন বীমা কর্পোরেশন
অর্থ ও হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয়ঃ জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কোয়ার্টারের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতির নৈতিকতা কমিটির ২৫তম সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: জহুরুল হক, ম্যানেজিং ডাইরেক্টর (অতিরিক্ত সচিব)।

তারিখ : ০৫ অক্টোবর, ২০২১, মঙ্গলবার, বেলা ১১.৩০ ঘটিকা।

স্থান : জীবন সভা কক্ষ, জীবন বীমা কর্পোরেশন।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

১.০ আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে (পরিশিষ্ট 'ক') স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুর করেন। তিনি জীবন বীমা কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কোয়ার্টারের (জুলাই থেকে সেপ্টেম্বর) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে আলোচনা করেন।

১.১ কমিটিতে ছকটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম এই ৩ (তিন) টি ক্ষেত্রের ১ম কোয়ার্টারের বাস্তবায়ন ও অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। আলোচনা শেষে কমিটির সিদ্ধান্তের সারসংক্ষেপ নিম্নে দেয়া হলো:-

| ক্র: নং | ক্ষেত্রসমূহ আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | |
| | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের সভা ০৫-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ফোকাল পয়েন্ট |
| | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ এই কোয়ার্টারে পর্যালোচনা করা হয় ও ১০০% বাস্তবায়ন করা হয়। | সংশ্লিষ্ট জিএম |
| | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | রিজিওনাল অফিসে অংশীজনের অংশগ্রহণে সভা হয় । এক্ষেত্রে উন্নয়ন ডিভিশনের মাধ্যমে বিভিন্ন শাখা, সেলস ও রিজিওনাল অফিসের ব্যবসায় অগ্রগতি নিয়ে আলোচনা হয়। ম্যানেজিং ডাইরেক্টর মহোদয় ব্যবসায় উন্নয়ন ও সংশ্লিষ্ট বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ব্যবসায় উন্নয়নে প্রয়োজনীয় ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। | রিজিওনাল অফিস ইনচার্জ |

২য় পাতা দ্র:

| ক্র:নং | বিষয় আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ২০২১-২০২২ অর্থ বছরে ১ম কোয়ার্টারের জন্য ৪০ (চল্লিশ) জনের অধিক প্রশিক্ষণার্থী নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। | ম্যানেজার-প্রশিক্ষণ |
| | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্পোরেশনের স্ব স্ব কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়নের জন্য যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে। তাছাড়া, পুরাতন মালামাল বিক্রির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নথিসমূহ স্টোরে যথাযথভাবে সাজিয়ে রাখা হয়েছে। | সংশ্লিষ্ট অফিস |
| | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়। | ফোকাল পয়েন্ট |
| | ১.৭ আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | কর্পোরেশনের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করা হয়। | ফোকাল পয়েন্ট |
| | ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | নির্ধারিত তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান করার জন্য কমিটি রয়েছে। পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | সংশ্লিষ্ট কমিটি |
| ০২ | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | |
| | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | জীবন বীমা কর্পোরেশনে ক্যালেন্ডার বছরে বার্ষিক বাজেট অনুযায়ী ক্রয়-পরিকল্পনা করা হয়। ২০২১ সালের ক্রয় ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | সংশ্লিষ্ট দপ্তর |
| | ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |
| | ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | কর্পোরেশনে কোন প্রকল্প নাই। | প্রযোজ্য নয় |

৩য় পাতা দ্র:

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **শুদ্ধাচার-সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | | |
| | ৩.১ পেনশন বীমা পলিসির মাসিক পেনশন BEFTN এর মাধ্যমে প্রদান | জীবন বীমা কর্পোরেশন থেকে মাসিক পেনশন পলিসির টাকা প্রতি মাসে সংশ্লিষ্ট পলিসি গ্রাহককে চেক প্রদান করা হয়। এই কোয়ার্টারের ২৫% বীমাগ্রাহকের মাসিক পেনশন ঢাকা রিজিওনাল অফিসে (ডিআরও) বাস্তবায়ন করা হয়েছে। | ঢাকা রিজিওনাল অফিস |
| | ৩.২ ওয়ান স্টপ সার্ভিস চালু | কর্পোরেশনে প্রাথমিকভাবে ঢাকা রিজিওনাল অফিসে ওয়ান স্টপ সার্ভিস চালুর প্রক্রিয়াধীন আছে। | রিজিওনাল অফিস ইনচার্জ |
| | ৩.৩ ব্যাংকিং চ্যানেলে প্রিমিয়াম আদায় | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ব্যাংকিং চ্যানেলে আদায় করার জন্য ৩ (তিন)টি ব্যাংকের সাথে চুক্তি হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ১ম কোয়ার্টারে ১৯৮৭টি বীমা পলিসিগ্রাহকের কাছ থেকে ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে টা: ২.২০ কোটি আদায় হয়েছে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৪ ডেবিট পুলের মাধ্যমে প্রিমিয়াম আদায় | জীবন বীমা কর্পোরেশনের বীমাগ্রাহকদের প্রিমিয়াম ডেবিট পুলের মাধ্যমে আদায় করার জন্য একটি ফর্ম তৈরী করা হয়েছে। শিঘ্রই এর মাধ্যমে প্রিমিয়াম আদায় কার্যক্রম শুরু হবে। | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |
| | ৩.৫ মেয়াদোত্তর বীমা দাবী BEFTN এর মাধ্যমে প্রদান | মেয়াদোত্তর বীমা দাবী একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বীমাগ্রাহকের ব্যাংক হিসাবে পরিশোধ করার কার্যক্রম গ্রহণ করার বিষয়টি প্রক্রিয়াধীন | কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা সেল |

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৫/১০/২০২২

(মো: জহুরুল হক)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

জীবন বীমা কর্পোরেশন

বিতরণ:

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

২। চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

৩। যুগ্মসচিব, বাণিজ্যিক অডিট শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

৪। নৈতিকতা কমিটির সকল সদস্য, জীবন বীমা কর্পোরেশন।